



বরাবর

বার্তা সম্পাদক

আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে নিগোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রচারের অনুরোধ করছি।

ধন্যবাদসহ

মোঃ নূর খান

নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

৫ জুলাই ২০১৪

**পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্ডর্জাতিক কমিশনের সদস্যদের গাড়ি বহরে হামলা
আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর তীব্র ক্ষোভ ও নিন্দা**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্ডর্জাতিক কমিশনের (সিএইচটি) সদস্যদের গাড়ি বহরে হামলার ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) তীব্র ক্ষোভ ও নিন্দা প্রকাশ করেছে।

আজ ৫ জুলাই ২০১৪ দুপুরে রাঙ্গামাটি পর্ষটকেন্দ্র থেকে বের হওয়ার সাথে সাথে সিএইচটি কমিশনের সদস্যদের গাড়িতে দুষ্কৃতিকারীরা হামলা চালায় এবং আহত হন মানবাধিকার কর্মী ইলিরদেওয়ান সহ রাঙ্গামাটির কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ইমতিয়াজ সোহেল। কমিশনের সফর প্রতিহত করার উদ্দেশ্যে রাঙ্গামাটির ছয়টি বাঙালি সংগঠনের ডাকে রাঙ্গামাটিতে আজ দ্বিতীয় দিনের অবরোধ চলমান এবং উক্ত সংগঠন সমূহ এই হামলার ঘটনার সাথে সম্পৃক্ত বলে গনমাধ্যমসূত্রে জানা গেছে। পুলিশের পাহারায় এ ধরনের হামলার ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীর ভাবে উদ্ভিন্ন।

আইন ও সালিশ কেন্দ্র (আসক) অবিলম্বে উক্ত কমিশনের নিরাপত্তা আরও জোরদার করার পাশাপাশি তদন্ড সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সরকারে কাছে জোর দাবি জানাচ্ছে।